**Karimpur Pannadevi College**
Estd.- 1968
P.O.- Karimpur, Dist.- Nadia, Pin- 741152, W.B.
E-mail ID : pannadevi_college@rediffmail.com
Website : Karimpurpannadevicollege.ac.in
Ph.- (03471) 255 158, Fax- (03471) 255 158

*Ref. No.* ....................  *Date* 01.03.2024

*From, The Principal / Teacher in - Charge / Secretary*

## বিজ্ঞপ্তি

এতদ্বারা উৎসাহীজনকে জানানো যাচ্ছে যে করিমপুর পান্নাদেবী কলেজের পুকুরটি আগামী ১-লা এপ্রিল, ২০২৪ থেকে পরবর্তী তিন বছরের জন্য (অর্থাৎ ৩১-শে মার্চ, ২০২৭ অবধি) মাছচাষের জন্য ইজারা দেওয়া হবে। তার জন্য আগামী ৭-ই মার্চ, ২০২৪ এর মধ্যে দরপত্র আহ্বান করা হচ্ছে। দরদাতাদের জানানো হচ্ছে যে মুখবন্ধ খামের ভিতর নিজেদের নাম, ঠিকানা, ফোন নম্বর ও দর উল্লেখ করে কলেজ অফিসে উক্ত তারিখের মধ্যে (রবিবার ও ছুটির দিন বাদে) দুপুর ১২-টা থেকে ৩-টের মধ্যে ব্যক্তিগত ভাবে বা ডাকযোগে জমা করতে হবে। খামের ভেতরে দরপত্রের সাথে করিমপুর পান্নাদেবী কলেজের নামে ১৫,০০০/- (পনেরো হাজার টাকা)-র একটা চেক সিকিউরিটি ডিপোজিট বাবদ অবশ্যই জমা করতে হবে এবং বার্ষিক দর কখনওই ৭০,০০০/- (সত্তর হাজার টাকা)-র নীচে হবে না, অন্যথায় দরপত্রটি গৃহীত হবে না (সিকিউরিটি ডিপোজিটের টাকা যিনি ইজারা পাবেন, সেই ইজারার শেষ বছরে ফেরতযোগ্য)। সর্বোচ্চ দরদাতাকেই ইজারা দেওয়া হবে, যদি তিনি রাজী না থাকেন তবে পরবর্তী যারা থাকবেন, তাদের পর্যায়ক্রম অনুসারে ইজারা দেবার জন্য ডাকা হবে। যদি কেউ ইজারা নিয়েও পরবর্তীতে অস্বীকার করেন, সেই ক্ষেত্রে তাঁর সিকিউরিটি ডিপোজিট ফেরত দেওয়া হবে না। দরপত্র খোলার তারিখ ও সময় আগামী ১৩-ই মার্চ, ২০২৪ (বুধবার) দুপুর ২-টায়। দরপত্র গ্রহণ বা বাতিল করার বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

ধন্যবাদান্তে-

01/3/24

(কৌস্তভ ভট্টাচার্য্য)

Karimpur Pannadevi College Estd-1968 Karimpur Nadia